

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সহকারী বন সংরক্ষকের কার্যালয়
তারাকান্দা, ময়মনসিংহ।

পরিবেশ ও বন বিষয়ক উপজেলা কমিটির কার্যবিবরণী

সভাপতি : জনাব সালমা আক্তার কাকন, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, তারাকান্দা, ময়মনসিংহ।
সভার স্থান : উপজেলা পরিষদ মহিলা ভাইস চেয়ারম্যান এর অফিস কক্ষ।
সভার তারিখ : ২২/১১/২০২১খ্রিঃ, সময় : বিকাল ৩.০০ ঘটিকায়।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট- 'ক'

সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। অতপর উপজেলা সহকারী বন সংরক্ষক / ফরেস্টার / রেঞ্জার তারাকান্দা ও সদস্য সচিব তারাকান্দা উপজেলার পরিবেশ ও বন বিষয়ক উপজেলা কার্যক্রম নিম্নে তুলে ধরেন।

ক্রঃ নং	আলোচনা	সিদ্ধান্ত
১	<p>সভাপতি জানান যে, জ্বালানি হিসাবে কাঠের ব্যবহার কমিয়ে আনার জন্য পদক্ষেপ নেওয়া জন্য জনগণকে উদ্বুদ্ধ ও সহায়তা করতে হবে। পরিবেশের ভারসাম্য রক্ষায় উন্নত প্রযুক্তির ব্যবহার ও নবায়ন যোগ্য জ্বালানি ব্যবহার নিশ্চিত করতে হবে এর জন্য বিভিন্ন সভা সেমিনারের আয়োজন করতে হবে। তিনি আরও জানান যে, পরিবেশের ভারসাম্য রক্ষা করার জন্য আমাদের জনগণকে সচেতন করতে হবে।</p> <p>উপজেলা কৃষি অফিসার, তারাকান্দা সভায় জানান যে, পানি দূষিত করতে পারে এমন কাজ থেকে বিরত থাকার জন্য জনগণকে পরামর্শ প্রদান করেন। তিনি আরও জানান যে, মাঠে, জমির আইলে, ঝোপের আড়ালে অথবা খালের পাড়ে মলমূত্র ত্যাগ না করার ব্যাপারে জনগণকে সচেতন করতে হবে। পরিবেশগত অবস্থার উন্নয়নে অধিক হারে বৃক্ষরোপন করা, পানি দূষণ নিয়ন্ত্রণ করা, কৃষি জমির গুণাগুণ বজায় রাখার জন্য জনগণকে উদ্বুদ্ধ করে এবং কর্মসূচি গ্রহণ করতে হবে এবং সকলকে এ বিষয়ে সচেতন করতে হবে।</p>	<p>পরিবেশ ভারসাম্য রক্ষা করার জন্য জ্বালানি হিসাবে কাঠের ব্যবহার কমিয়ে আনার জন্য পদক্ষেপ নেওয়া সকলকে একযোগে কাজ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।</p>

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(সালমা আক্তার কাকন)

মহিলা ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ, তারাকান্দা।

তারিখঃ ২২/১১/২০২১ খ্রি.

স্মারক নং-বন/তারাকান্দা/২০২১-

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

- ১। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
- ২। উপ-পরিচালক স্থানীয় সরকার, ময়মনসিংহ।
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তারাকান্দা, ময়মনসিংহ।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, তারাকান্দা, ময়মনসিংহ।
- ৬। চেয়ারম্যান.....ইউপি, তারাকান্দা, ময়মনসিংহ।

সহকারী বন সংরক্ষক/ফরেস্টার/রেঞ্জার